

বিদেশ সচিবের (পূর্ব) প্যালেস্টাইন সফর

জুলাই ৯, ২০১৫

ভারত সরকারের বিদেশ মন্ত্রকের সচিব শ্রী অনিল ওয়াধওয়া ৮-৯ জুলাই, ২০১৫ দুই দিনের সরকারি প্যালেস্টাইন সফর করেন।

আজ সন্ধ্যায় মাননীয় শ্রী ওয়াধওয়া প্যালেস্টাইনের প্রেসিডেন্ট মাননীয় মাহমুদ আব্বাসের সঙ্গে দেখা করেন। বৈঠকে দুই পক্ষই বিভিন্ন দ্বিপাক্ষিক বিষয় এবং পশ্চিম এশিয়ায় থমকে থাকা শান্তি প্রক্রিয়া নিয়ে আলচনা করেন। মাননীয় শ্রী ওয়াধওয়া প্যালেস্টাইনের বিদেশ মন্ত্রকের প্রবীণ অফিসারদের সঙ্গেও সাক্ষাৎ করেন।

আগামীকাল মাননীয় শ্রী ওয়াধওয়া প্যালেস্টাইনের প্রধানমন্ত্রী মাননীয় ডঃ রামি হামদাল্লাহর সঙ্গে দেখা করবেন। আসিরা-আল-শামালেহে মেয়েদের জন্য জওহরলাল নেহরু সেকেন্ডারি স্কুলের উদ্বোধন করবেন মাননীয় শ্রী ওয়াধওয়া। এই প্রকল্পটি ভারত সরকার এবং ভারতের সাধারণ মানুষের পক্ষ থেকে প্যালেস্টাইনকে দেওয়া উপহার। প্যালেস্টাইনে ভারতীয় প্রকল্পগুলির মধ্যে ওই স্কুলটি একটি এবং সে দেশের স্ব-ক্ষমতা বৃদ্ধির লক্ষে ভারতীয় উদ্যোগের একটি অংশ।

প্যালেস্টাইনে অন্যান্য চালু ভারতীয় প্রকল্পের মধ্যে রয়েছে আবু দিসে ছেলেদের জন্য জওহরলাল নেহরু সেকেন্ডারি স্কুল, আই সি টি বিষয়ে ভারত-প্যালেস্টাইন সেন্টার অন্ড এক্স্‌লেঞ্চ স্থাপন, আল কুদস ইউনিভার্সিটিতে ডিজিটাল লার্নিং অ্যান্ড ইনোভেশন সেন্টার স্থাপন (যার একটি স্যাটেলাইট সেন্টার থাকবে রামাল্লায়) এবং প্যালেস্টাইনে সাতটি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণ (টি ভি ই টি) সংক্রান্ত যন্ত্রপাতি এবং প্রশিক্ষণ পরিষেবা প্রদান।

নয়াদিল্লি

জুলাই ৮, ২০১৫